# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১৩৪

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৬. মাদকদ্রব্যে কোনো আরোগ্য নেই

بَاب لَيْسَ فِي الْخَمْرِ شِفَاءٌ

### আরবী

أَخْبَرَنَا سُهَيْلُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا سِمَاكٌ قَالَ سَمِعْتُ عَلْقَمَةَ بْنَ وَائِلٍ يُحَدِّثُ عَنْ أَبِيهِ وَائِلٍ أَنَّ سُوَيْدَ بْنَ طَارِقٍ سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْخَمْرِ فَنَهَاهُ عَنْهَا أَنْ يَصْنَعَهَا فَقَالَ إِنَّهَا دَوَاءٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّهَا لَيْسَتْ دَوَاءً وَلَكِنَّهَا دَاءٌ

### বাংলা

২১৩৪. ওয়াইল (ইবনু হুজর) রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, সুওয়াইদ ইবনু তারিক্ব রাদ্বিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মদ (দ্বারা চিকিৎসা করা) সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তিনি তাকে তা করতে নিষেধ করলেন। তখন তিনি বললেন, এটি তো রোগ থেকে আরোগ্যদানকারী। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “এটি তো আরোগ্যদানকারী নয়-ই, বরং তা নিজেই একটি রোগ।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মুসলিম, আশরিবাহ ১৯৮৪। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৩৮৯, ১৩৯০ ও মাওয়ারিদুয যাম’আন নং ১৩৭৭ তে। দেখুন, মানহাতুল মা’বূদ নং ১৭২২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82417

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন